

১৮ জুলাই ২০২২

তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগে স্ব-খরচে প্রফেশনাল মাস্টার্স ইন ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরি  
ম্যানেজমেন্ট প্রোগ্রাম-এর ১ম ব্যাচে (২০২২-২০২৩ শিক্ষাবর্ষে) ভর্তির প্রাথমিক নির্দেশিকা।

- ০১। প্রোগ্রামটি ০৬ মাস করে ৪টি সেমিস্টারে মোট ২৪ মাস মেয়াদী। প্রতি সেমিস্টার শেষে ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- ০২। ভর্তির যোগ্যতা: যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম স্নাতক ডিগ্রী। সনাতন পদ্ধতির ক্ষেত্রে কোন পরীক্ষায় ৩য় শ্রেণি এবং গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে সিজিপিএ ২.৫-এর নিচে আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ০৩। ভর্তি ফরম **১১ আগস্ট ২০২২ বৃহস্পতিবার** পর্যন্ত প্রোগ্রাম অফিস (কক্ষ নং-১০১৮) তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, কলাভবন, ঢাকা বিশ্ববিদ্যালয় অথবা বিভাগের ওয়েবসাইট (<https://rb.gy/yd18bc>) থেকে পাওয়া যাবে। সংগ্রহকৃত ফরম যথাযথভাবে পূরণ করে সকল পরীক্ষা পাশের মার্কশীট ও সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি এবং ০২ কপি পাসপোর্ট সাইজ ছবি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। সঠিকভাবে পূরণকৃত ভর্তি ফরম ও নগদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা ফি বর্ণিত সময়ের মধ্যে জমা দিয়ে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
- ০৪। সপ্তাহের প্রতি বৃহস্পতি, শুক্র ও শনিবার ক্লাস অনুষ্ঠিত হবে।
- ০৫। কোর্স ফি সর্বমোট ১৩০,০০০ (এক লক্ষ ত্রিশ হাজার) টাকা।  
ক. ভর্তির সময় রেজিস্ট্রেশন ও প্রথম সেমিস্টার ফি বাবদ = ৪০,০০০ (চল্লিশ হাজার) টাকা।  
খ. পরবর্তী প্রতি সেমিস্টারে ৩০,০০০ (ত্রিশ হাজার) × ০৩ সেমিস্টার = ৯০,০০০ (নব্বই হাজার) টাকা।
- ০৬। আগামী **১২ আগস্ট ২০২২ শুক্রবার** সকাল ১০:০০টায় ভর্তি পরীক্ষা (৫০ নম্বরের লিখিত ও ১০ নম্বরের মৌখিক) অনুষ্ঠিত হবে। প্রশ্নের ধরন হবে MCQ ও রচনামূলক (সাধারণ জ্ঞান, বাংলা ও ইংরেজি)। সময় ১ ঘন্টা।
- ০৭। ভর্তি পরীক্ষার ফলাফল (লিখিত ও মৌখিক) ১২ আগস্ট ২০২২ শুক্রবার বেলা ০৩:০০টায় বিভাগীয় নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রকাশ করা হবে।



অধ্যাপক ড. কাজী মোস্তাক গাউসুল হক  
কো-অর্ডিনেটর, প্রফেশনাল মাস্টার্স প্রোগ্রাম ১ম ব্যাচ  
তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ  
ঢাকা বিশ্ববিদ্যালয়।